# ॥❋॥ শ্রীশ্রী হরিবংশ মহাপুরাণ ॥❋॥

## শ্রীগণেশায় নমঃ॥ ওঁশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ॥ ওঁশ্রীবাসুদেবায় নমঃ॥

তংবেদ শাস্ত্রং পরিনিষ্ঠিতং কৃষ্ণার্ত্তিকং কনক পিঙ্গল জটাধরম্।
জগৎব্যখ্যায় কলাপ ব্যাসং নমামি শিরশ তিলকং মুনিনা॥১॥
তদেব গঙ্গা যমুনা চ তত্র গোদাবরী চ তত্র সরস্বতীশ্চ।
পুণ্যানি তির্থানি বসন্তি যত্র অচ্যুতদ্বার প্রশঙ্গ॥২॥
বিসদ কুসুম ত্রোষ্টা পুণ্ডরীকোপভিষ্টা ধবল বসন বেসা মালতি বদ্ধকেশা।
সশোধরকর বর্না সুভ্রতাটঙ্কাকর্ণা জয়তিজিতো সংহস্তা ভারতিবেনুহস্তা
প্রসন্নবদন দেবীং সর্ব্বকামফল প্রদম্॥৩॥❋॥

ভজ মন মোহন গোবিন্দাই ॥ ঘোঁ॥
নমো নমো নমো দেব করোঁ জোড় হাত। বসুদেব সুত কৃষ্ণ মোর প্রাণনাথ॥
প্রণমহু নিরঞ্জন প্রভু নৈরাকার। শত রজ তম তিন বিদিত সংসার॥
লক্ষ্মী সরস্বতী বন্দোঁ বিষ্ণুর বনিতা। বিরিঞ্চি ব্রহ্মাণী বন্দোঁ রাম সঙ্গে সীতা॥
পার্ব্বতী সহিত বন্দোঁ দেব মহেশ্বর। ভক্তি ভাবে প্রণমহু শচী পুরেন্দর॥
চন্দ্র সূর্য্য বন্দোঁ মুই শিরের উপর। যাহার উদয়ে হয় সংসার পসার॥
দিবা নিশি বার মাস দণ্ড পল আর। তিথি গ্রহ নক্ষত্রেক বন্দোঁ বারেবার॥
পূর্ব্ব পশ্চিম বন্দোঁ উত্তর দক্ষিণ। ভক্তি পুরস্কারে বন্দোঁ যথেক প্রবীণ॥
বৈষ্ণবের পদ যুগে করহু বন্দন। ধরণী লুটাই বন্দোঁ শ্রীগুরু চরণ॥
অখণ্ড পৃথিম্বী মধ্যে মণ্ডল আকার। চরাচর আদিকরি সকল সংসার॥
যহার কারণে জানি সকল বিভুতি। সেই গুরু পাদ পদ্মে অসংখ্য প্রণতি॥
দিক্ষা গুরু বন্দোঁ শিক্ষা গুরুর চরণ। যাহার কারণে হৈল পসার নয়ন॥
যথ গুরু জন আছে করহু বন্দন। ভক্তি করি বন্দোঁ পিতৃ মাতৃর চরণ॥
সপ্ত সমুদ্র বন্দোঁ মনে অনুমানি। সুমেরু পর্ব্বত বন্দোঁ পর্ব্বত চূড়ামণি॥
কবি গণ চরণেত করোঁ নমস্কার। গুণি গণ চরণে না করোঁ পরিহার॥
হরি গুণ আলাপন শুন সাধুজন। পাইবা পরমপদ তরিবা শমন॥
এক মন চিত্যে শুন হরি গুণামৃত। পাপ নাশে পুণ্যবারে শ্রবণ পবিত্র॥
এবে শুন কৃষ্ণ কথা হৈয়া এক চিত। জন্মেজয় পুছন্তযে ব্যাস বিস্তারিত॥
ভারতের পুণ্য কথা শুনিল রাজন। রোগ শান্তি নহে দেখি চিন্তে মনে মন॥
ভক্তি পুরস্কারে রাজা মুনি স্থানে কহে। কোকিলের স্বরেযেন বসন্ত সময়ে॥
শুন মহা মুনিবর মুর নিবেদন। কিন্তু রোগ কলেবরে রৈল কি কারাণ॥
মুনি বোলে নরপতি শুন দিয়া মন। পূর্ব্ব বিবরণ কিচ্ছু নাহিক স্মরণ॥
দ্রৌপদীর বস্ত্র আর ভীম পরাক্রম। সে সকল বিবরণ নামান রাজন॥
সেই হেতু আছে রোগ তোমার অঙ্গেত। দূর হৈতে মহারোগ শুন ভাগবত॥
এক চিত্যে শুচি হৈয়া শুন নরপতি। দূর হৈব মহারোগ পাইবা পিরিতি॥
শুচি হৈয়া মহারাজা বৈসে কুশাসনে। ভাগবত পুণ্য কহে ব্যাস তপোধনে॥
শুন জন্মেজয় রাজা পরিক্ষিত সুত। হরি গুণামৃত কথা নির্ম্মল অদ্ভুত॥
কেবা বর্ণিবারে পারে কৃষ্ণ গুণ গান। সংক্ষেপে কহিমু কিছু শুন দিয়া মন॥

মৎস্য রূপ ধরি প্রভু বেদ উদ্ধারিলা। কূর্ম্ম রূপে পৃষ্ঠেকরি ধরণী ধরিলা॥
বরাহ রূপে দন্তে ধরে পৃথিম্বীর ভার। নরসিংহ রূপে কৈল হিরণ্য বিদার॥
বামন রূপে করিলেন বলিরে চলন। পরশুরাম রূপে কৈল ক্ষত্রিয় নিধন॥
রাম রূপে করিলেন রাবন সংহার। হরিরাম রূপে কৈলা লোক উপকার॥
বুদ্ধ রূপে পশু হিংসা করিলা বর্জ্জন। কল্কি রূপে করিবেক ম্লেচ্ছের নিধন॥
ত্রিজগতনাথ হরি সংসারের সার । দুষ্টজনমারি খণ্ডায় পৃথিম্বীরভার ।।
ভকত বচ্ছল হরি ভক্তের অধিন । ভকত রক্ষক হৈয়া থাকে অনুদিন ।।
আদি অন্ত নাহি যার জনম-মরন । অবতার ধরিকরে পৃথিম্বী পালন ।।
যে কারনে নারায়ণ জন্মিল ভূবনে । সেইসব কথা কহি শুন একমনে ।।
পৃথিম্বী সৃজিলা ব্রহ্মা অনেক শকতি । চরাচর স্থাবর সঙ্গম বসুমতি ।।
মনুষ্য অসুর দেব রাক্ষস দানব । পশু-পক্ষি আদিকরি আর যথজীব ।।
তারমাঝে অসুরের বলাধিক হৈয়া । কাহাকনা গণে কিচ্ছু মারয়ে মোহিয়া ।।
তার কাক্ষ জরাসন্ধ কংসমহাসুর । দেবহিংসা মুনিহিংসা আর সুরপুর ।।
মার মার ধর ধর বোলে কাট কাট । ভয়ে কম্পমান দেব নাবহন্ত বাট ।।
সহিতে নাপারে দেব অসুরের দর্প । পাতালে সহিতেনারে বাসুকি আদিসর্প ।।
সকল দেবতা মিলি একত্র হইল । ব্রহ্মার নিকটেগিয়া নিবেদন কৈল ।।
বরূন কুবের বায়ু আর হুতাসন । সহস্রলোচন সঙ্গে যথ দেবগণ ।।
বিরিঞ্চির নিকটে মিলিল দেবগণ । নন্দি ভৃঙ্গিসঙ্গে তথা মিলে পঞ্চানন ।।
দণ্ডক্ষেন দিন রাত্রি নক্ষত্রাদি তিথি । দেবাদেবী যথ আইল কহিবাম কথি ।।
বিসন্ন বদন সব দেখি প্রজাপতি । ধ্যানেতে বসিয়া ব্রহ্মা জানিল সম্প্রতি ।।
এতেক জানিয়া ব্রহ্মা চিন্তিলেক মনে । দেবগন সঙ্গে গেল বিষ্ণুর সদনে ।।
অন্তর্জামি ভগবান সব তত্ত্বজানি । অন্তরে থাকিয়া বোলে হুহুঙ্কার বানি ।।
আসিআছ প্রজাপতি জানিছি মনেতে । অসুর বধিতে আমি জন্মিব মহিতে ।।
চল চল প্রজাপতি আপনা আলয় । অসুরের দর্প দেখি নাভাসিয় ভয় ।।
প্রণাম করিয়া দেব গেল নিজ স্থানে । কমলা ভারতিস্থানে কহে ভগবান ।।
দেবের স্তবনে আমি জন্মিব মহীতে । তুমিদুই জাইবেন আমার সহিতে ।।
যথ বিদ্যাধরি জন্ম হৈব পৃথিম্বীতে । রাজগৃহে জন্মলভি করিবে কহিত ।।
লক্ষ্মী সরস্বতী বোলে গোবিন্দ চরণে । প্রণতি করিয়া তারা কহে দুই জনে ।।
অসুর নাসিতে তুমি জাইবা পৃথিম্বীতে । নাজাইমু আম্রাদুই তোমার সহিতে ।।
ত্রেতাযুগে রামরূপে হৈলা অবতার । জনকের ঘরে জন্ম হইল আমার ।।
মহাদেবে র্ধনু ভাঙ্গি আমা বিহা কৈলা । বাপের্সত্য পালিতুমি বনবাসে গেলা ।।
তোমার সহিতে আমি চলিলাম বনে । হরিয়ানিলেক মুরে লঙ্কার রাবনে ।।
সিন্ধুবান্ধি তাকে বধি উদ্ধারিলা আমা । অগ্নিতে দহিলামুরে নাকরিলা ক্ষেমা ।।
সত্যের কারনে আমা.বাখিলা আনলে । পরিত্রান পাইলুঁ আপনা পুণ্য ফলে ।।
কতদিন গৃহবাস বঞ্চিলাম দেশে । গর্ভবতি নারী আমাদিলা বনবাসে ।।
দুই পুত্র প্রসবিল সেই তপোবনে । সবংশে বিনাশ হৈলা সে দুইরা বনে ।।
বাল্মিকি মুনির লাগি পাইলা পরিত্রাণ । পুত্রের সহিতে সুখে গেলা নিজ স্থান ।।
পরিক্ষাদিবারে পুনি করিলা জুকতি । জননী আসিয়ানিল দেখিয়া দুর্গতি ।।

সেই তুমি নিদারুন কঠিন অন্তর । তোমার সংহতি জাইতে ভয়লাগে মোর ।।
সেইদুঃখে আর সাদ নহি গর্ভবাস । সিন্ধুমথনে জন্মি আইলুঁ তোমার্পাস ।।
স্তুতিকরি জোরহস্তে পূজিলুঁ তোমারে । গর্ভবাস দুঃখ আর নাকর আমারে ।।
তাহার কারনে আমি দুঃখিত অন্তর । গর্ভবাস দুঃখ আমি সহিতে দুস্কর ।।
এত অপমান মোর নাসহে পরানি । তোমার সহিতে আমি নাজাইব পুনি ।।
লক্ষ্মীর বচন শুনি দেব নারায়ণে । কিঞ্চিত হাসিয়া বলে মধুর বচনে ।।
তুমি সরস্বতীবিনে কেআছে আমর । হেন সারবাক্য প্রিয়া না বুলিয় আর ।।
তিলেক নাদেখি যদি তুমা দুইজন । সকল সংসার বেথা আমার জীবন ।।
এমত বচন যদি কহ আরবার । না জাইব পৃথিন্বীতে না খণ্ডিব ভার ।।
সীতারূপে তুমিযে পাইছ অপমান । পূর্ব্ব বিবরন শুন হৈয়া সাবধান ।।
সত্যযুগে আছিলেক হিরণ্যকসিপু । দৈত্যযোনি জন্মহৈল দেবতার রিপু ।।
সকল জিনিয়া হৈল অতুলমহন্ত । প্রহ্লাদতনয়তার অতিভাগ্যবন্ত ।।
আমাতে সতত ভক্ত বৈষ্ণব চরিত্র । তারগুণশুনিলেহয় শরীর পবিত্র ।।
বহুরাজ স্পদদিলসেই দৈত্যপতি । দৈত্যের সম্পদ যথনালয় তার মতি ।।
কুপিতহইয়া দৈত্যেনাকিরল দয়া । মারিতে চাহিলতারে হস্তিটোকাইয়া ।।
নিধন নাহৈলতাতে আমার কারণ । অনেকপ্রকারে তারে করিলতাড়ন ।।
অগ্নি জ্বালিয়া পুনিকরিলদাহন । তথাপিহনামরিল দেখি বিদ্যমান ।।
খড্গ একহস্তে করিগেল তারপাস । উচ্চস্বরে বোলে কিবাজপমতিনাশ ।।
কুলধর্ম্ম পরিহরি ভকতিকরিয়া । কিবাজপ কিবাতপকহ বিস্তারিয়া ।।
হাসিয়া প্রহ্লাদেবোলে শুন কহিবানি । শ্রীমধুসুদনবিনে আন নহিজানি ।।
সর্ব্বভূতহৃষীকেশ জীবের জীবন । এথেকতরাইতে পারে শ্রীমধুসুদন ।।
তবেত হিরণ্যেবোলে শুনপাপমতি । কোনস্থানেবৈস এ তুহুরনিজপতি ।।
হাসিয়া প্রহ্লাদেবোলে জনকের স্থান । এসর্ব্বত্রেআছয়ে হরিদেব ভগবান ।।
দৈত্যেবোলে পাষাণের স্তম্ভবিদ্যমান । এহাতে আছয়েনিতুহুর ভগবান ।।
প্রহ্লাদেবোলেন তারসর্ব্বত্রে বসতি । পাষাণের মধ্যেআছেসেই যদুপতি ।।
পুত্রের বচনে দৈত্যে করিল প্রহার । সেইক্ষনেহেলনরসিংহঅবতার ।।
নখে বিদারিয়া তারে পাইবা অনুতাপ । সেইনাদে ব্রাহ্মণীর গর্ভহৈল পাত ।।
কুপিত হইয়া বিপ্রে দিল ব্রহ্মশাপ । মোরশাপে জম্মান্তরে পাইবা অনুতাপ ।।
মোর পুত্র নাশ কৈলা ভয়ঙ্কর মুর্ত্তি । এক জন্মেহৈয় তুমি আপনা বিশ্রুতি ।।
সেইহেতু রামরূপে জ্ঞান হিন হৈলুঁ । আপনা পাসরি আমি তুমা দুঃখ দিলুঁ ।।
রাবন কুম্ভকর্ণ দুই মারিলাং দুরন্ত । অখনে জন্মিছে সেই দুই মতিমন্ত ।।
তুমা দুই সঙ্গে নিয়া অসুর বধিমু । আপনার সঙ্গেতুমা লিনকরি থুইমু ।।
শক্তি মুক্তি বিনে নহে অসুর নিধন । খেদ পরিহর দুঃখ নাভাবিয় মন ।।
ত্রিলোত্তমা নাম হৈব লোকেত বিখ্যাত । অনুক্ষণ শুদ্ধ ভাব ভক্তি যে আমাত ।।
বৃষভানু ঘরে জন্ম বিমলা উদরে। রাধা হেন নাম তুমা ঘোষিব সংসারে ।।
পঞ্চদশ কলারূপে হৈবা গোপ ঘরে । আর এককলা হৈবা বিধর্ব্ব নগরে ।।
মহাদেবে র্কুপানলে মদন মরিব । তোমার উদরে আসি জনম লভিব ।।

কমলায়ে বোলে শুন প্রভূহৃষীকেশ । মদনের জন্ম কথা কহত বিশেষ ।।
কিকার্য্যে জনম হৈব মৃত্যুহৈব কেনে । বিস্তারিয়া কহ প্রভূ শুনি এশ্রবণে ।।
গোবিন্দে বোলেন  শুন বচন আমার । বিস্তারিয়া কহি শুন পূর্ব্ব সমাচার ।।
তারকাক্ষনামে দৈত্য প্রচণ্ড অসুর । দেবগণ হিংসিয়া লইল ইন্দ্রপুর ।।
বিরিঞ্চি নিকটে গিয়া দেব পুরেন্দরে । তাড়কাক্ষের্যথ দোষ কহিল গোচর ।।
ব্রহ্মায়ে বোলে আমি তার চিন্তিছি উপাই। হর গৌরী পুত্রহাতে মৃত্যু সর্ব্বদাই।।
এথেক শুনিয়া ইন্দ্র চলিল সত্বরে । চণ্ডিকে করিল স্তুতি কনক কমলে ।।
পরাসর সুত ব্যাস নারায়ণ অংশ । সংখ্যেপে রচিল পুণ্য শ্লোক হরিবংশ ।।
সেই শ্লোক বাখান করিয়া পদবন্ধে । লোকে বুঝিবারে কহে দিন ভাবানন্দে।।❋।।

ভৈরব রাগ ।।
নমো ২ বন্দম্‌দেবী ব্রহ্মাণী ভবানি । কাত্যায়ণী চামুণ্ডারূপি ব্রহ্মসনাতনি।।ধ্রু।।
ভৈরবী রূদ্রানি নিদ্রারূপসুরেশ্বরী । শৈলজাবিজয়ালক্ষ্মী নমোসাকাম্বরী ।।
সৃজন পালন সৃষ্টি জগতঈশ্বরী। মহিমা বুঝিতেনারে বিষ্ণুয়ে বিতারি ।।
সুক্ষমুক্ষদাতা তুমি স্থুলরূপাধরি । হিমালয়সুতাহৈয়া বরত্রিপুরারি ।।
দেবসনে স্তুকিয়দি কৈল পদ্মযোনি । অন্তরেথাকিয়াবোপে দুর্জননাসিনি ।।
শুন ২ প্রজাপতি নাকরিযভয় । মনোরথ পূর্ণআমি করিমুনিশ্চয় ।।
প্রণামকরিয়াদেব গেলনিজস্থান । মেনকার্ উদরে হৈলদেবী অধিষ্ঠান ।।
শুভক্ষণে জন্মিলেক গিরির ভূবন । বাল্যঅনন্তরেতবে বাড়িল যৌবনে ।।
অবিরত পূজেশিব বিহাকরিবার । যোগ ভঙ্গনহেদেখি চিন্তা দেবতার ।।
তবেসহস্রাক্ষেবোলেমদনেরস্থানে । ধর্ম্মেরতনয় তুমিমহাবলবান ।।
মহাদেবেরযোগ ভঙ্গকরহমদন । জগতেঘোষিব তোমার্অতুলবিক্রম ।।
কামদেবেবোলে ব্রহ্মাশাপিছেআমারে । হরচক্ষুদরশনে ভস্মহইবারে ।।
ঈষদহাসিয়াবেলে সহস্রলোচন । বিরিঞ্চিশাপিল চোমাকিশেরকারণ ।।
পরাসর সুতব্যাস নারায়ণঅংশ । সংখ্যেপে রচিলপুণ্যশ্লোক হরিবংশ ।।
সেইশ্লোক ইত্যাদি ---।। ❋।।

পদবন্ধ ।।
মদনে বোলেন শুন দেব সুরপতি । যে কাজে শাপিল আমা দেব প্রজাপতি ।।
রূকাঙ্গদ নামে রাজা অবন্তি নগর । সর্ব্ব শাস্ত্র বিশারদ ধর্ম্মত তৎপর ।।
ধর্ম্মাঙ্গদ পুত্রতার হইলেকজানি । একাদশীব্রতকরে সর্ব্বরাজধানি ।।
স্ত্রিপুরুষবালকযে যুবাবৃদ্ধযথ । পশুপক্ষি আদিকরি একাদশীব্রত ।।
দুধেরবালকে পান নহিকরেস্তন । অহন্নিশিসর্ব্বক্ষণ ভাবেনারায়ণ ।।
দশমীতে সঞ্জমজে করিয়া কৌতুকে । একাদশীদিনেহরি পূজেসর্ব্বলোকে ।।
দ্বাদশী আগমেমাত্রপারনাকরএ । এইমতে সর্ব্বলোক আনন্দে বঞ্চএ ।।
যমধূত আসিয়া যেমৃতালৈয়া যাই । মুদ্গর প্রহারে চর্ম্মদরি দিল গলাএ ।।
ভয়পাইয়া প্রাণি সবে স্মরে নারায়ণ । ততক্ষণে আসি মিলে বিষ্ণুধূতগণ ।।

বিষ্ণুধূত মনোহর নিরমল কায়। চতুর্ভূজ রূপধরি বৈকুণ্ঠেত যায় ।।
চতুভূর্জ শঙ্খচক্র গদাপদ্মধারি । মৃতা কারিলৈয়া যাইবিষ্ণুধূতে মারি ।।
যমধূতমারিয়া করিলখানখান । কান্দিয়াকহিলধূত যমবিদ্যমান ।।
জম্বুদ্বীপেএকরার্জ্যেঅবন্তনগর । তথারার্জ্যকরে রূকাঙ্গদনৃপবরে ।।
চিত্রগুপ্তের আজ্ঞায় গেলুঁ মৃতা আনিবারে । বিষ্ণুধূতে কারিনিল মারিয়া আমারে।।
কুপিতহইলযমধূতের বচনে । বিরিঞ্চিনিকটে গেল মহীসবাহনে ।।
চর্ম্মপাশকাল মৃত্যু দণ্ডেরসহিতে । সকল এড়িলনিয়া ব্রহ্মারবিদিত ।।
আপনেবিসয়িদিল করিঅঙ্গিকার । বিষ্ণুধূতেকারি নিলমারিমোরচর ।।
সহিতেনাপারি আমিএতবড় লাজ । আনজন নিয়োজহ নাহিমোর কাজ ।।
যমের বিষাদশুনি ভাবিল সঙ্কট । যমলৈয়াগেল বহ্মাবিষ্ণুর নিকট ।।
ক্ষীরোদনিকটেগেল ব্রহ্মাবৈবশ্বত । উর্দ্দেশে প্রণামকরি কহে সর্ব্বতত্ত্ব ।।
অন্তর্জামি ভগবান সর্ব্ব তত্ত্ব জানি । অন্তরে থাকিয়া বলে হুঁহুঁকারবানি ।।
কমলাননে যেন অলির ঝঙ্কার । হেনমতে লক্ষ্মীপতিলাগে কহিবার ।।
আসিয়াচ প্রজাপতি জানিছি সকল । আমার অধিন জন যমে করেবল ।।
একাদশীদিনে যেনাখায় অন্নপানি । শমনের দায় নাহি সেই সব প্রাণি ।।
আমার শাসনে নাই শমনের দায় । শমন নাশীমু আজি সুদর্শন ঘায় ।।
এথেক শুনিয়া ব্রহ্মা কম্পিত অন্তরে । য়মরাজ সঙ্গেকরি গেল নিজ পুরে ।।
শান্তাই পাঠাইল যম ঘরে আপনার । মন্ত্রনা করিয়া ব্রহ্মা চিন্তিল প্রকার ।।
ধ্যানকরি কুশহস্তে বৈসে পদ্মযোনি । নিজঅঙ্গে জন্মে কন্যা সুন্দর মোহিনী ।।
সর্ব্বাঙ্গ সুন্দরী কন্যালক্ষ্মী অবতার । কামাতুরে হৈয়া ব্রহ্মা চাহে লঙ্গিবার ।।
লজ্যাযুক্তহৈয়া কন্যা যেই দিগে যায়। কাম দৃষ্টেপ্র্জাপতি সেই দিগে যায়।।
চারিদিগে বিরিঞ্চির এচারি বদন । লুকাইতে নাপারে কন্যা জুরিল ক্রন্দন ।।
সত্যবতি সুতব্যাস নারায়ণ অংশ। সংক্ষেপে রচিল পুণ্য শ্লোক হরিবংশ ।।
সেইশ্লোক ইত্যাদ্দি --- ।। ❋।।

ভাটিয়ালরাগ ।।
বাপের বচনধরি ০ মোহিনী সুন্দরি ০ বিলাপ করিয়া কন্যা কান্দে ।
হরিহরি স্মরিঘন ০ হৈয়া বিষাদিত মন ০ আপনার কর্ম্ম দোষ নিন্দে ।।
নাশুনিছি কোন কালে ০ স্বর্গমর্ত্ত্য পাতালে ০ বাপে চাহে লঙ্ঘিতে কুমারী ।
অপর সভার মাজ ০ পাইলূঁম বহু লাজ ০ অপমান সহিতে নাপারি ।।
আওলায়া মাথার কেশ ০ খসাইয়া গায়ের বেশ ০ কান্দে কন্যা ভাবিয়া বিষাদ ।
তুমি দেব ধর্ম্মময় ০ বিকর্ম্মে উচ্চিত নয় ০ পরিহার অনঙ্গ উন্মাদ ।।
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর ০ ত্রিভুবন ধরাধর ০ কাম হয় কেমন বরাত ।
তুমি হেন কর যবে ০ লোকেত কি দোষতবে ০ দেবকুলে অকীর্ত্তি হৈবেক ।।
পরসর সুত মুনি ০ অবনিকরিল ধনী নারদি পুরণ করিভগ্ন ।
বিমল ধর্ম্মের অংশে ০ পুণ্যশ্লোক হরিবংশে ০ ইতিহাস ক্রমেহৈলমগ্ন ।।
সেই পুণ্যকাহিণী ০ অমৃত সমান শুনি ০ পুণ্য বাড়ে পাপ হয়ে হিন ।

পাইয়া সারদার্বর ০ শ্লোক ভাঙ্গি মনোহর ০ রচিলেক ভবানন্দ দিন ।।※।।

পদবন্ধ ।।
বাপের চরণেকন্যাপুনিপুনি বন্দি । সত্যরাখিবারে কন্যাকহে কান্দিকান্দি ।।
তুমিপ্রজাপতি যদিকরহেন কর্ম্ম । ব্রহ্মাণ্ডেনারৈববাপু দুহিতারধর্ম্ম ।।
কান্দিয়া মোহিনী কন্যাকহে পুনিপুনি । কামভাবেতাহাকেনাশুনে পদ্মযোনি ।।
ক্রোধহৈয়া মোহিনী ব্রহ্মারে দিল শাপ । আজিহুন্তে অপূজনিহৈয়তুমিবাপ ।।
মোহিনীরশাপে ব্রহ্মাহৈল অপূজন । কুপিয়াকামেরে ব্রহ্মাশাপিল তখন ।।
তারবানে মোরজ্ঞান নাশহৈল বাসি । হরচক্ষুদরশনে হৌকভস্মরাশি ।।
এইহেতুদিলশাপশুন মহাশয় । জানিয়া করিবা আজ্ঞাযেউচ্চিতহয় ।।
তাশুনিয়া পুরেন্দরেলাগেকহিবার । যদিভস্মহওতবেচিন্তিল প্রকার ।।
লঙ্ঘিতেনাপারে দেবরাজের বচন । যোগভঙ্গ করিবারে চলিল মদন ।।
পরাশরসুতব্যাস নারায়ণ অংশ । সংক্ষেপেরচিল পুণ্য শ্লোকহরিবংশ ।।
সেই শ্লোক ইত্যাদি --- ।।※।।

রাগবসন্ত ।।
ভুবন মোহন ভেষেসাজিল অনঙ্গ । মহাদেবের্যোগ নিদ্রা করিবারেভঙ্গ ।।
কোকিলেরকলরব তারনাহিঅন্ত । ময়ুর চাতকেনাদ অকালেবসন্ত ।।
অশোক অবন্তিজ্যোতি চম্পকমালতি । লবঙ্গকেতকীপুষ্প গন্ধরাজঅতি ।।
কুসুমশৌরবতাতে আমুদিতগন্ধ । ভ্রমরাঝঙ্কার করে পিয়েমকরন্দ ।।
কুসুমকুণ্ডল কর্ণে মালাকুসুমিত । কুসুম বলয়াআর কুসুমেভুষিত ।।
কুসুমে আবৃতধ্বজ বিমলবিমান । ত্রৈলোক্যমোহিতে পারেকটাক্ষ সন্ধানে ।।
নানাপুষ্পসুললিত উপজেঅনঙ্গ । মত্তময়ুরেনাচে হইয়াত্রিভঙ্গ ।।
রতিস্থানেকহে কামে ব্রহ্মাদিছেশাপ । স্বামীপদে ধরেরতি করয়েবিলাপ ।।
শিববিদ্যমানে যাইতে মনেভয়বাসি । দরশণহৈলেমাত্র হৈবা ভস্মরাশি ।।
মদনেবোলেন শুন মোরপ্রাণেশ্বরী । বিধিরনির্বন্ধ কভুখণ্ডাইতেনাপারি ।।
আমারে দিয়াছে আজ্ঞাদেবপুরেন্দরে । কোনলাজরৈমুপ্রিয়া আপনার ঘরে ।।
জন্মিলে অবস্যমৃত্যুমৈলেজন্ম পুনি । এহাজানি শোকপরিহর সুবদনি ।।
এতশুনি সুবদনি মনেহৈলধন্দ । রতিরকরুনাকহে দিনভানন্দ ।।※।।

লাচাড়ি ভাটিয়াল ।।
কান্দেরতি কামেরে বুঝায় । শিবেরেমোহিতেনাজুআয় ।।
পরমকারণশিব ০ জগতসংসারজীব ০ তরিবারেনাদেখিউপায় ।।
ষড়ঋতুসঙ্গেকরি ০ পুষ্পধনুর্ব্বানধির ০ চলিআছ কুবুদ্ধিরমূলে ।
যদিকোপানলেহর ০ ভস্মকরেকলেবর ০ তবেকিকরিবদেব কুলে ।।
বিধিমোরেহৈল বাম ০ বচননাধরেকাম ০ ষড়ঋতুবচননাধরে ।
শুনপ্রভূধর্ম্মদেব ০ চরণে করমসেব ০ পরবেথানহিজানে পরে ।।

দমনবোলেনবানি ০ শুনপ্রিয়াসুবদনি ০ মনস্থিরকরিরহঘরে ।
সম্পূর্ণহইলকাল ০ দেবমায়াবিশাল ০ প্রাণদিমুশিবের গোচরে ।।
তুমিপ্রিয়া চলঘরে ০ আর নাবুলিয়মোরে ০ জানিআমিজাইমরিবারে ।
যোগভঙ্গনহেযদি ০ দেবকার্য্যনহেসিদ্ধি ০ নিষেধ নকারচলঘরে ।।
ধরিয়ারতিরগলে ০ শান্তাইমদনবোলে ০ ঘনঘন ছারিয়ানিশ্বাস ।
দুইরকরুণা ভাসে ০ বৃক্ষহুন্তেপত্রখসে ০ শোকানলেহইয়াহতাস ।।
শুনিয়ামদনবানি ০ পুনি পুনি বুকহানি ০ বুলেরতিকান্দিতে কান্দিতে ।
দেখিমৃত্যুরকাল ০ হিয়ারখণ্ডিবসাল ০ যাইবআমি তোমারসহিতে ।।
দিনভবানন্দেগায় ০ রতিসঙ্গেকামযায় ০ মোহিবারে দেবত্রিপুরারী ।
পাইয়াশারদার্ব্বর ০ শ্লোকভাঙ্গিমনোহর ০ বিবেচিয়ারচিললাচাড়ি ।।※।।

পয়ার ।।
রতিসঙ্গেকামদেব চলিল সত্বরে । কৈলাসপর্ব্বতে যথাশিবেস্তবকরে ।।
দেখিলেকসদাশিব করিয়াছেধ্যান । নম্রকারবর গোষাঁই ঘোর্নিতনয়ান ।।
অবিরথ স্তবকরেপর্ব্বতনন্দিনী । মহাযোগীমহাযোগসাধেসূলপানি ।।
তবেভদ্রমন্তঋতুকরিল প্রবেশ । কুলবন্তবৃক্ষপুষ্পসোভিছেবিষেশ ।।
মলয়াপবব তথা মন্দমন্দবহে । কোকিলের কললব সুমধুরগাহে ।।
পুষ্পভরেনম্রঢাল আমুদিতগন্ধ । ভ্রমরারপদভরে ঝরেমকরন্ধ ।।
তাদেখিয়াপুষ্পকেতুপুষ্পধনুলৈয়া । মার্জিল কুসুমধনু পুষ্পমধুদিয়া ।।
শাখাবৃক্ষআলুপি কুসুমতিন বান । ঘুর্ন্নিতহইল কামহারাইলজ্ঞান ।।
ছান্দিল সন্ধানবানেমোহিতেশিবেরে । ছয়বার জুরেবানখসিখসিপরে ।।
তাদেখিয়ারতিবোলে পরমসদৃশ । নাকর ২ প্রভুঅসমসাহস ।।
দেখিয়া শিরেরূপলোমাঞ্চশরির । সর্ব্বনাশকরিবেক মুইঅভাগির ।।
শুনিয়ারতির কথাস্থগিতমদন । দুরেথাকিকর জুরেকহেদেবগণ ।।
রক্ষাকরকামদেব পৃথীম্বীদুর্গতি । তোমাহৈতেত্রিভুবনহৌকঅভ্যাহতি ।।
শুনিয়াদেরেবানিশঙ্কোচিতহৈল । পুষ্পবান পুষ্পকেতুসন্ধানপুরিল ।।
শিবেরদক্ষিণে থাকিধর্ম্মের তনয় । হানিলেকপঞ্চবানশিবেরহৃদয় ।।
পুষ্পাঞ্জলিলৈয়া গৌরীদিতেহরকরে । মহাদেবেরশরিরে ভেদিলকামশরে ।।
কামরসেমগ্ন হৈয়া ধরেগৌরীকরে । যোগজ্ঞানতপজ্ঞান পাসরিলহরে ।।
কাকুতিকরিয়া কহেহিমালনন্দিনী । অকুমারীনারীআমিশুনসুলপানি ।।
অকুমারীপরসনে পাপহেনজানি । এথেকে করহক্ষেমাপূর্ব্বধর্ম্মজানি ।।
হেনশুনিমহাদেবে ঋতুউপার্জিল । যথেকবৃত্তান্নশিবেসকলজানিল ।।
মহাকোপেজ্বলেশিবত্রিদশঈশ্বর । শিরেতপঙ্গিল জটানয়ানে আনল ।।
বিষমকামের বানেযোগহৈল ভঙ্গ । ধনুর্ব্বাণহস্তেদেখেদক্ষিণে অনঙ্গ ।।
শিব কুপানলচক্ষুহৈলদরশন । ভস্মহৈয়োকামদেব পড়েততক্ষণ ।।
শিবেরনয়ানজলে কামভস্মহৈল । বসন্তপুষ্পিতবনসকলদহিল ।।
ইন্দ্রআদিদেবগণভয়েদিল ভঙ্গ । কামভস্মহৈল দেখিরতির আতঙ্গ ।।

হাহাকার করিয়া পড়িল ভুমিতল । হরিণীকাতরযেন খাইয়াবিষশেল ।।
ক্ষেনেমুহুচ্চিতহয়ে ক্ষেণেলভেজ্ঞান । মরণসময়ে যেনআই সেযায়প্রাণ ।।
শোকেব্যাকুলচিত্ত ফুকরে বসিয়া । হাহাপ্রভুকান্দেকরিতাপিতহইয়া ।।
কোথাগেলেপাইমু কামযাইমুকারপাস । কেমোরে করিবদুরহৃদ্রেরহুতাস ।।
পুরিশূন্য হৈলমোরমদনবিহিনে । কথাগেলে পাইমুপ্রভুনাদেখং নয়ানে ।।
বসন্তেরে দেখিরতিঅধিক কুহরে । কোথাগেল কামছারি তোমারে আমারে ।।
এবোলিয়া কান্দেরতি সকরুণবানি ।
বসন্তে বোলেনরতিনাকরবিলাপ । কথেকসহিতে পারিমদনসন্তাপ ।।
অনুশোচ করিলেনিপাইবা মদন । চল চল রতিদেবী যথা দেবগণ ।।
যেসবেরবাক্যেহৈল মদনসন্তাপ । সেশবের পাসেচল নাকরবিলাপ ।।
বসন্ত বচনে রতি করিলগমন । তথাগেল যথাইন্দ্রআদিদেবগণ ।।
রতিবোলেদেবগণকর আবধান । তোমাবাক্যে কামদেবে তেজিলপরাণ ।।
জিয়াইয়া দেয়প্রভুদেব পুরেন্দর । মদন বিয়োগে মোরহিয়াজ্বরজ্বর ।।
ব্রহ্মাবোলেস্তুতিকর শিবেরচরণ । সম্প্রতিপাইবা তুমিকামদরশন ।।
শিবের বিবাহকালেমদন জিআইব । অনঙ্গহইয়া কামঅখনেরহিব ।।
আখির নিমিষেরতি গেলশিবস্থানে । করুণাকরিয়াকান্দে শিববিদ্যমানে ।।
সত্যবতীসুতব্যাস --- ইত্যাদি ।।❋।।

লাচাড়ি দীর্ঘছন্দঃ ।। কান্দে রতি দক্ষেরকুমারি ।
কামদেবহেনস্বামী ০ পাসরিতে নারিআমি ০ অকালেনাসিহ ত্রিপুরারি ।।
বিনিঅপরাধিআমি ০ নাসিলাআমারস্বামী ০ সংসারেরাখিলা অপযশ ।
মদননায়কমোর ০ ভস্মকৈলা মহেশ্বর ০ আজিহুন্তে নাহিরঙ্গরস ।।
ভুমিতেলোটাঙ্গিকায়া ০ কান্দেমদনের জায়া ০ স্বামীদানদেয়চত্রিপুরারি ।
এমতনিষ্ঠুরহৈলা ০ অকালে বিধবা কৈলা ০ পতিশোকপাসরিতেনারি ।।
ঘোরদেখিচারিভিত ০ নাদেখিআপনাহিত ০ শোকানলেডুবাইলকামে ।
বাদিহৈলদেবগণ ০ হারাইলুঁপ্রাণধন ০ এইশেলরহিলমরমে ।।
পতিসঙ্গেএকবার ০ সুখেনাবঞ্চিমুআর ০ চন্দ্রবিনেযেহেন রজনি ।
পতিবিনেনারিজাতি ০ কোনমতে নাহিগতি ০ বিষপানেতেজিমুপরানি ।।
আও লায়ামাথারলেশ ০ খসাইয়াগায়েরভেস ০ সিন্ধুরমুছিয়া কান্দেরতি ।
বিধার্ত্তারনির্ব্বন্ধ ০ নারহিল সম্বন্ধ ০ যখনেশরীরচাড়েপতি ।।
এবলিয়াদক্ষসুতা ০ কহিয়াবিরহকথা ০ বিলাপকরয়েস্বামীশোক ।
আইস ২ প্রাণপতি ০ ডাকেঅভাগিণীরতি ০ দরশন দেয়আসিমুকে ।।
সত্যবতিসুতব্যাস ০ করিলেক প্রকাশ ০ হরিবংশ পুণ্য শ্লোকবন্দে ।
সর্ব্বলোকবুঝিবার ০ পয়াররচিয়াসার ০ শিবনন্দসুতভবানন্দে ।।❋।।

পদবন্ধ ।।

পতিশোকেরতিলোটাইয়াধরণী । কেনেহেনকর্ম্মকৈলা দেবশূলপানি ।।
কাকুতি করিয়া কহিশুমতিমন্ত । দেবেরদেবতাতুমি সর্ব্বভুতঅন্ত ।।
অনুচিত কর্ম্মকর উচিতনাহয় । স্বামীবিনেনড়ীর বিফলসর্ব্বময় ।।
সমানবয়সেপতিনাশকৈলামুর । পতিপত্নী সনেআর নাবঞ্চিমুঘর ।।
মন্দমলয়াবায়ু কোকিলদুরন্ত । মোরপ্রাণনাথবিনে অসার বসন্ত ।।
মহাযোগীমহেশ্বর সর্ব্বঅন্তর্জামি । একাবার কৃপাকর দেরমোরস্বামী ।।
রতির করুণাশুনি দেবশূলপানি । ঈষদহাসিয়া বোলে মধুরসবানি ।।
সতীরবিরলে মোরপ্রাণ নহেস্থির । তোমাদরশনেদহে সকলশরীর ।।
সেইঅনুরুপদেখি তোমার যৌবন । প্রাণরাখসুবদনি দিয়াআলিঙ্গন ।।
সতীরকনিষ্ঠ তুমি হওমোরশালী । ভালবরপাইবাযৌবনদেয় দালি ।।
শিবের বচনেরতিকোপ করিমন । উত্তরদিলেকদেবীকর্কশবচন ।।
সহজেভাঙ্গরাতুমার্ কিবাআছেজ্ঞান । অহংকারেকরতুমিআপনা বাখান ।।
ললাটেধরিছ চন্দ্রঅনেকশকতি । লঙ্ঘিবারে চাহপরের যুবতি ।।
আকৃতিঅমৃত পাততারহয়েহাস । পরিধানহয়ে তোমার্ব্যাঘ্রচর্ম্মবাস ।।
সেইব্যাঘ্রখাইতেচাহেতোমারবাহন । এইদোষপাইয়ানাদিল আলিঙ্গন ।।
একাকিপাইয়া আমাবুলবিপরিত । মোরপ্রভূবিনেযুক্তনহে কদাচিত ।।
ঈষদহাসিয়া বোলেদেবমহেশ্বর । তুষ্টহৈলুঁসুন্দরী বাছিয়ালওবর ।।
তবেরতিবোলে মহাদেববিদ্যমান । যদিতুষ্টহৈলামুরে দেয়স্বামীদান ।।
শিবেবোলেদিববর শুনহযুবতী । পাইবা দ্বাপরেযোগেতোরনিজতি ।।
ভারবতারনেযাইব ত্রিজগতপাতি । যাইবরূক্কিনীদেবী তাহানসঙ্গতি ।।
তাহানউদরেজন্মলভিবমদন । সম্প্রতিপাইবা তুমিকামদরশন ।।
আমার বিবাহ কালে মদন জন্মিব । অনঙ্গহইয়াকাম অখনেরহিব ।।
সধবা হইবাতুমি আমার যেবরে । ষড়ঋতুসঙ্গেচল আপনারঘরে ।।
শিবেরচরণে রতিকরি পরিহার । হরিষবিষাদেগেলাঘরে আপনার ।।
তবেশিবেচণ্ডিরেকরিল পরিনয় । তাড়রকাক্ষবিনাশিলতাহার তনয় ।।
এইকহিলামপ্রিযাপূর্ব্ববিবরণ । তোমার উদরে জন্মহইবমদন ।।
প্রণামকরিয়া লক্ষ্মীবুলিলা তখন । আজ্ঞাঅনুরূপেকর্ম্মকরিব অখন ।।
তবেপ্রভুনারাযণ শরিরছারিয়া । দৈবকীউদরে জন্ম লভিলআসিয়া ।।
গোকুলেআনিয়া বসুদেবেথুইলতানে । মহামহা অসুরমারিল নারায়ণে ।।
তারপাছে লক্ষ্মীহৈল পঞ্চদশকলা । বৃষভানু ঘরেজন্ম লভিলকমলা ।।
এককলা জন্মহৈল সুনন্দাউদরে । ভিস্যকরাজাঘরে বিধর্ব্বনগরে ।।
সত্যভামারূপেবানি ছত্রাজিতঘরে । পূর্ণরূপে জন্মিলেক বিজয়াউদরে ।।
আনন্দে আছয়েহরি নন্দঘোষালয় । সর্ব্বলোকোবোলেনন্দ যসোদাতনয় ।।
বড়বড় কর্ম্মকরে দেবেরদুষ্কর । হরিসেগোকুলেআছে দেবগদাধর ।।
বৃষভানু সুতারাধা লক্ষ্মীঅবতার । শিশুবেশছারিহৈল যৌবনআকার ।।
শিশুহুন্তেস্তপকরি পূজেনারায়ণ । গোবিন্দ চরণেবিনে আননাহিমান ।।

যৌবনদেখিয়া বাপে চিন্তিলউপায় । আয়েনেত বিহাদিতে করিল নিশ্চয় ।।
যসোদার ভ্রতৃসেজে মহাগুণেবান । নন্দের গৌরবেতানে দিল কন্যাদান ।।
বাপের অলঙ্ঘবাক্যনাপারেলঙ্ঘিতে । কৃষ্ণেরচরণমাত্র ভাবেএকচিত্ত্যে ।।
রাধারভক্তিয়েআর সত্যেরকারণ । করিলকপটেতাতে দেবনারায়ণ ।।
রাধারেবিবাহে গোপেকৈলযেইদিন । কৃষ্ণের কপটেহৈল পুরুষত্বহিন ।।
নপুংসকহৈলয়দিব্রজেযে আয়েন । রাধিকরাসত্যরক্ষা সেইসেকারণ ।।
এইমতে দুইজন আছেপরস্পর । হরিরবিষমমায়া বুঝিতেনাপারে ।।
একদিন রাধাআদিআরগোপীগণে । জলআনিবারে গেল যমুনাপুলিনে ।।
বসিআছেকৃষ্ণআদিবালকসকল । হেনকালে রাধাগেল ভরিবারে জল ।।
রাধার যৌপনআর দেখিরূপরসে । অন্তরেহইলকানু হরিরবিশেষ ।।
সকল বালক এরিগেল রাধার্কাছে । মধুরকোমলবাক্য রাধিকা তেপুছে ।।
কহরাধা সুবদনি কাহারদুহিতা । কোনদেশে বৈসতুমিকহতত্বকথা ।।
শুনগুনবতি রাধা আমারবচন । উত্তরনাদেয়তুমিকিশের কারণ ।।
তুমারূপেদেখিমুরদহে কলেবর । আলিঙ্গন দিয়া মোরপ্রাণরক্ষাকর ।।
তুমাসম রূপবতি নাহিকভুতলে । বিধার্ত্তায়েমিলাইল মোরপুণ্যফলে ।।
দেখিতোর বদনকমলমনোহর । আকশেত থাকিতপকরে শশধর ।।
পুনি পুনি জন্মিলেকহইতে সমান । নিশিতেমুদিতহৈল পাইঅপমান ।।
সকল মধুরদেখি মৃদুমৃদুহাসে । সরোবরমধ্যেযেন কমল প্রকাশে ।।
দিনকর মিত্রসেজে নাহয়সমান । পঙ্কেত প্রবেশকৈল পাইঅপমান ।।
সিন্ধুরমণ্ডিত যেনদন্ত পাতিসাজে । শক্তিমধ্যেগজদন্তপলায়লাজে ।।
বান্ধুলিকুসুমজিনি ওষ্ঠযেঅধর । কনক গুঞ্জয়া মনিসোভেনিরন্তর ।।
শ্রবণেসোভিছেভাল অরুণকুণ্ডল । চক্রকজিনিযাদিপ্তি করেগণ্ডস্থল ।।
লোচন ললিত তোরমনহররঙ্গ । প্রবেশিল বনমধ্যে লর্য্যায়ে কুরঙ্গ ।।
নাসিকাশেভিছেভালখগপতিচুঞ্চ । অরুণশরীরমধ্যে যেনতেজপুঞ্জ ।।
ভুরুরভঙ্গিমা তোর যেনকালশাপ । কটাক্ষসন্ধানেজিনে কন্দর্পের চাপ ।।
ললাটে উর্ঝল করে সিন্ধুরফোটা । শরদের সূর্য্যকিবা বিদ্যুতেরছটা ।।
চিকুরেচামরজিনে নাহিতারমূল । দুসূতিগাথিয়াদিছমালতিরফুল ।।
সৌরভপাইয়া অলিমধুকরেপান । বেড়িছেপাটেরজাটে অলিরাজগণ ।।
মুকুটারহারগলেত্রিলোক্যমোহিত । সুরেশ্বরিধারাজিনি অধিকশোভিত ।।
ভালভুজদণ্ডতোর কঙ্কনেত সাজে । পঙ্কেতমৃনালদণ্ডপ্রবেশিল লাজে ।।
কনকদাড়িম্বজিনিপিনপয়োধর । অমৃতের ধারাযেনবহে নিরন্তর ।।
হেনমনেলয়মুরপ্রাণ দেমডালি । কথাতেপাইলাতুমিবিমল কাঞ্চলি ।।
করিছেবিবিধচিত্রনাহি মোরকোপ । কেবালেখি আছেমোরনিজ দশরূপ ।।
জলেপ্রবেশিয়া বেদকরিলূঁউদ্ধার । সেইরূপকাঞ্চুলিতে লেখিছেতোমার ।।
কুর্ম্মরূপেপৃথিম্বীযে রাখিলুঁপৃষ্ঠেতে । সেইরূপতোমার লেখিছে কাঞ্চুলিতে ।।
মেদিনী ধরিলূঁদন্তে বরাহেররূপ । কাঞ্চুলিতেদেখি মোরমনহৈছেকোপ ।।
কল্কিরূপেখিয়াছে ভবিষ্যতকর্ম্ম । ম্লেচ্ছ গণ সংহারিতেহাতেখড্গচর্ম্ম ।।

কাঞ্চুলিবেষ্টিত রূপনাদেখিলেমরি । দেখিলেজীবারনহেশুনল সুন্দরী ।।
হৃদয়েরমধ্যেমণি অধিকশোভয় । কুচপ্রকাশিততোর শুদ্ধসুনাময়ে ।।
খিনমধ্যদেশ তোরঅতিসুললিত । দণ্ডকেমৃগেন্দ্রগেল হইয়ালর্জ্জিত ।।
চরণেনুপুরতোরনখ য়েসুধারা । গগণমণ্ডলযেন শোভাকরেতারা ।।
অগ্নিবর্ণ পট্টসারিপৈরিছ সুন্দরী । সিরিসজিনিয়া কটি ঈষিদচাতুরি ।।
মুষ্টিয়ে ধরিতে পারিখিনমাজাতোর । কেমনে কলসিলৈবাভয়লাগে মোর ।।
ছিরিয়াপরিবমাজা হেনমনেলয় । কোনমুঢ়ে তোমারেকরিছে পরিনয ।।
মতিহিনসেইমুঢ় অধমকেবল । কোনমুখেপাঠাইছেভিরবারেজলে ।।
কোকিলজিনিয়াস্বর অতিঅদভুত । একবার দানদেয়বিরাটেরসুত ।।
যথেকমধুর বোলেনন্দেরকোঙর । লর্য্যায়েসুন্দরী রাধা নাদিল উত্তর ।।
চলিলসুন্দরী অগেচালাইয়া সখি । বসনেবদনেঢাকিহাসেচন্দ্রমুখি ।।
কটাক্ষলাবণ্যবেশ ফিরিফিরি চায় । বুঝিয়া আকুতহরিপাছু ২ ধাওয় ।।
সর্ব্বসখীআগেযাই রাধাযাইশেষ । লাম্পদিয়াধরে কানুরাধিকার কেশে ।।
এড় ২ বুলিরাধাকরে পরিহার । বিপরিতকরকেন নন্দেরকুমার ।।
সত্যবতীসুব্যাস --- ইত্যাদি ।।※।।

রাগবসন্ত ।।
নাবুল নাবুল কানুনাহয়উচিত । ছাওয়ালহইয়াকেনেকর বিপরিত ।। ধ্রু ।।
মাতুলবনিতা তোর শুনরেকানাই । পন্থছারিদেয় মোরে জললৈয়াযাই ।।
বাটুআরিকরকানু ঘাটের্কুলেবসি । কেশহুন্তেছার হাত ভাঙ্গিবকলসি ।।
বনেথাকধেনুরাখ কিবাজানআর । হৃদয়েনাদিয় হাত ছিরিবগলার্হার ।।
সর্ব্বসখীঘরেগেলরৈলূঁএকেশ্বর । শাশুড়ীননদীর্ আগেকিদিমুউত্তর ।।
কেবানাআইসেঘাটে কেবানানে জল । একাকী পাইয়া আমা কেনেকরেবল ।।
কানুবোলে কর্য্যনাই এসব সম্বন্ধে । দানদিয়াঘরেযাও বোলে ভবানন্দে ।।※।।

ধানসিরাগ ।।
শুনসখীচন্দ্রমুখিকুরঙ্গনয়নী । চাতকজিনি য়াখর খঞ্জনগমনী ।।
পদেধরিস্তুতিকরি নাকরিয়রোস । দানদিয়াঘরেযাওনাহিকোনদষ ।।
পূর্ণইন্দুকামসিন্ধু রহিছেডুবিয়া । ঘরেযাওসুবদনী রতিদানদিয়া ।।
শুনরাধাগুণবতীনাভাবিয়ভিন । ঘরেচলিযাওবুলে ভবানন্দদিন ।।※।।

পদবন্ধ ।।
কানুরচরিত্রদেখি রাধাদুঃখিবড় । মনেমন কলাখায়ামুখেমাত্রদঢ় ।।
দেখিয়া কানুররূপ ভেষমনোহর । কন্দর্পবিযুগেতনুকরিল জর্জর ।।
কামিনীমোহনরূপধরিলকানাই । অন্তরে হরিস রাধামুখেবুলেযাই ।।
কামেঅচেতন রাধা মনেস্থিরনহে । মৃদু ২ রাধিকায়েকিছু২ কহে ।।
কমলকাননে যেন ভ্রমরারনাদ । তেনমতেত্রিলোত্তমায়্কহিলসম্বাদ ।।

অয়েনন্দসুততুমিনা বুঝছিভাল । গোরবনারাখ তুমিসহজে ছাঅবাল ।।
সাক্ষাতে ভাগিণাতুমিঅন্তরে নাহিক । পন্থেবাটুআরিকর বুলেধিক ২ ।।
কমল কলিকাআমি একাকিনী নারি । পুরুষভ্রমরাতুমি কিকরিতেপারি ।।
বিলম্বেহইবকার্য্যকিছুনাহিবাধা । দুইহস্তেখায়কেবা যদিলাগেক্ষুধা ।।
যদিসে আমাতেতোমার্ম্মর্জিআছেমন । কেনলজ্যাদিতে চাহদেখসখীগণ ।।
নাজুআয়হেন সম্মেদিতে আমাজল । সম্বাদেহইব সবমনেহিতকাজ ।।
এসব কহিবনন্দযসোদার ঠাই । তবেকিউত্তরদিব শুনরেকানাই ।।
মুরনিজপতি জানকেবলদুর্জন । কহিমুএ সবকথাসববিবরন ।।
গোচর করিবগিয়াকংসবরাবর । পাইবাবিফল সাস্তিনন্দের কোঁঙর ।।
কেশহুন্তেহাত এড় কেলনহিদেখে । জলনিতেআইসে কিবা বৃন্দাবনের্লোকে ।।
যথবিবরণ তোরজানিলূঁ সকল । কেশহুন্তেহাত এড়লইজাই জল ।।
বিরুদ্ধনাকর আরনন্দেরতনয় । সঙ্গোপনেহৈবকার্য্য কহিলূঁ নিশ্চয় ।।
কোকিলের স্বরেরাধাকহে মৃদুহাসি । এরুপ যোবনমুই হৈলূঁতোমার্দাসী ।।
রাধারমধুরবাক্য শুনিনারায়ণ । গলেধরিরাধিকারে দিলআলিঙ্গন ।।
রক্ত গৌরবর্ণ রাধা কালাভগবান । চন্দ্রের অমৃতযেন রাহুকরেপান ।।
কনয়া কমল কুচপরসিলকরে । সুমেরুঢাকিল যেন নবজলধরে ।।
নখরেখা সোভেতাহেস্তনচারিপাস । কাঞ্চনপর্ব্বতে যেন কমল প্রকাশে ।।
কানুরচরিতে রাধা হইললর্জ্জিত । কেনরেনিলজকানু করবিপরিত ।।
সত্যবতী সুতব্যাস --- ইত্যাদি ।।৺।।

গাণছন্দমায়ুর ।।
চলরেনিলজ কানু কলসিলাগিলকাঁখে । তোমার্ আমার্ পরিহাস ননদীপাছুদেখে।।ধ্রু।।
কানুহে -
বেহানেআসিতে মোর পরিচিলবাধা । কিখেনে জলেরে আইলুঁ কলঙ্কীনিরাধা ।।
কেবানাআইসেঘাটে কেবানানেজল । একাকিপাইয়াআমা কানুকরেবল ।।
শাশুরীননদী শুনি বুলিবপরিবাদ । বৃন্দাবন ছারীযাইমু নাহিমোরসাদ ।।
গুরুজনেবোলিবেক রাধাকলঙ্কিনী । যোগীনি হইয়া যাইমুগায়ের আগুণী ।।
এরিয়া দেয়তকানু খাওমোরমাথা । নিশিযোগযাইয় মন রাখিমুসর্ব্বথা ।।
আজুহুন্তেবন্ধুমোরে নাভাবিয়ভিন । রাধারসম্বাদকহে ভবানন্দদিন ।।৺।।

পদবন্ধ ।।
রাধারকাকুতিশুনি নন্দের কোঁঙর । কেশহুন্তেহাতছারিহইল অন্তর ।।
গোবিন্দ সম্বাসিরাধানিজগৃহে যাই । খঞ্জনগমনীরাধা ফিরি ২ চাই ।।
চরণনাচলেযাইতেপরিহরিকানু । জলধরহুন্তেযেন নিকলিলভানু ।।
এইমতেকতদুর গেল চন্দ্রমুখি । ফিরিযানাচাহে দেখিকানু বড়দুঃখি ।।
কাকুতিকরিয়াবোলেনন্দের কুমার । মোরপ্রাণেশ্বরী রাধাচাহ একবার ।।
সত্যবতী --- ইত্যাদি ।।৺।।

রাগবড়ারি ।।
হেরল বিনদিনি ফিরিয়া চাহল একবার ।
অমলকমলযেন ০ ষোলকলাসসিতেন ০ হেনমুখদেখিরেতোমার ।। ধ্রু ।।
কনকদাড়িম্বযেন ০ পয়োধর সোভেতেন ০ ভালেসেহরিয়ানিলপ্রাণ ।
জিনিয়া খঞ্জনপাখি ০ নয়াননাচনদেখি ০ ভুরুভঙ্গি কটাক্ষসন্ধান ।।
মণিমকরতজিনী ০ অঙ্গেরবরনখানি ০ যেনদেখিসূর্য্যেরকিরণ ।
পূর্ণমাসিচন্দ্রজিনি ০ উর্ঝল বদনখানি ০ হেরিয়ামুনিরভুলেমন ।।
প্রাণেশ্বরীঘরেযাও ০ বারেকফিরিয়াচাহ ০ হেরিতে ২ হৈলুঁধন্দ ।
কানুয়ে যথেকবুলে ০ নাশুনিয়াঘরেচলে ০ রচিলেকদিনভবানন্দ ।।※।।

পদবন্ধ ।।
পুনিজন্মেজয়রাজা পুছেজোরহাতে । রাধাকানুসংযোগহইলকোনমতে ।।
সেইসববিবরণ কলমুনিবর । তোমারপ্রসাদেশুনি কাব্যমনোহর ।।
কহিতেলাগিল মুনি কৌতুকপ্রচুর । বসন্তকালেতেযেন কোকিলমধুর ।।
শুনজন্মেজয় রাজা চন্দ্রবংশমণি । সাবধানহৈয়াশুনপুরাণ কাহিনি ।।
নিজগৃহে আইলযদিরাধিকাযুবতী । কলসিএরিয়ারাধাচিন্তাযুক্তঅতি ।।
উঠেবৈসে ঘনঘন হইয়াবিকল । গৃহকার্য্যচিন্তা নাইউন্মত্ত কেবল ।।
যেইদিগেনিরিক্ষয়ে রাধিকাযুবতী । শাশুরীননদীদেখে আরনিজপতি ।।
কানুরবিরহেচিত্ত্যনাপারে ধরাইতে । আকুল হইলরাধা ভাবিতেচিন্তিতে ।।
কামেজর্জরিততনুহইল রাধার । কানুবিনেসর্ব্ব সুণ্যহৈলধন্দকার ।।
শাশুরীননদী আসিদেখে বিপরিত । জিজ্ঞাসিলেউত্তরনাপায়ে কদাচিত ।।
তবেনিজপতিআসি পুছিলবিস্তর । শুনিযাসুন্দরীরাধানাদিল উত্তর ।।
যদুসেননামে গোপতাহাররমনি । লোকমুখেশুনিআইল সেইসুবদনী ।।
আসিযাজিজ্ঞাসে যত্নেদেখিস্তব্দ কার । ধরিয়ারাধারগলেলাগে কহিবার ।।
কহ ২ প্রাণসখী সববিবরণ । সন্তাপিত হৈছতুমিকিসেরকারণ ।।
কোনজনে তোমারেদিয়াছেঅপমান । সত্যকরিকহসখীমোর বিদ্যমান ।।
শাশুরীননদীকিবাবোলিসে কুৰ্শিত । সেইঅপমানে কিবাহইছ কোপিত ।।
নিজপতিমন্দকিবাবলিছে কিকাজে । বুঝিলূঁআকুলকিবাহৈছ সেইলাজে ।।
নহেযদিগুপ্ত থাকে কহসেইকথা । নকারকপটসখী খাওমোরমাথা ।।
সখীরবচনশুনিরাধাকা সুন্দরী । কহিতেলাগিল সবলর্জ্যাপরিহরি ।।
রাধাবোলে শুনসখীআমার উত্তর । মদনেপিরিতেতনুকরিল জর্জর ।।
আজুকাবিরহদুঃখ শুনপ্রাণসৈ । বন্ধব কারনে আমিতোমাস্থানেকৈ ।।
সত্যবতী --- ইত্যাদি ।।※।।

রাগবড়ারি ।।
আলরে প্রাণেরসৈ বিরহকাহিনীশুন মোর ।
সকলসখীরসঙ্গে ০ যমুনাগেছিলূঁরঙ্গে ০ দেখিআইলূঁরূপমনোহর ।। ধ্রু ।।
আচম্বিতেহেনকালে ০ মালতিরমালাগলে ০ চুড়ায়েময়ুরপুছসোভে ।
সকহকুসুমসাজে ০ শৌরবসোভিতকাজে ০ ভ্রমরেনাছারেমধুরলোভে ।।
সুরঙ্গঅধরেবাঁশী ০ ঈষিদমধুরহাসি ০ হস্তসানবহুলসুঠান ।
যমুনা আনন্দভরে ০ উতপনউপহারে ০ বহুবেগেধরিছেউজান ।।
আমারনিকটে আসি ০ মধুর ২ হাসি ০ রতিদানমাগিল আমারে ।
যৌবননাদিলূঁডালি ০ পাঞ্জরকরিলূঁখালি ০ সেইহুনেতে পরাণ বিধরে ।।
যদিবানাদেখিকানু ০ সহজেচারিমুতনু ০ প্রাণরাখিনাহিমোরকাজ ।
আসিলূঁমৃতারলেখা ০ ভাগ্যেতোমাসনেদেখা ০ এথেকছারিলূঁমুইলাজ ।।
এথেক কাতরকথা ০ কহিবৃষভানুসুতা ০ ক্ষেনে ২ হয়চমকিত ।
ভকতিমতিহিন ০ কহেভবানন্দদিন ০ শ্লোকভাঙ্গিরচিলেকগীত ।।❊।।

রাগআসুআরি ।।
(শ্যাম) বন্ধুর ভাবে (ঐমুরে) সদায়ে আকুল মোরহিয়া ।
এজাতিযৌবনদিয়া ০ বন্ধুরেসন্মুখেথুইয়া ০ দেখিরূপনয়ানভরিয়া ।। ধ্রু ।।
যেবোলেবোলৌকলেকে ০ যারমনেযেবাদেখে ০ ননদীনিবুলৌকঅসতী ।
গুরুগৌরবিতজনে ০ বুলৌকযার্যেইমনে ০ ছারিলেছারৌকনিজপতি ।।
শ্রবণেকুণ্ডলদিয়া ০ যোগীনির ভেশহৈয়া ০ যথাতথাযাইমুমনদুঃখে ।
কানুরবিরহেমোর ০ তনুহৈলজ্বর ২ ০ কিবলিব গোকুলেরলোকে ।।
মুইযদিএমনজানু ০ যামুনাপুলিনেকানু ০ তোইনাকিভরিতেযৈমজল ।
বেহানেপরিলবাধা ০ গেলূঁকলঙ্কিনী রাধা ০ পাইলূঁমতারপ্রতিফল ।।
শুনলপরাণসৈ ০ তোমাতে মরমকৈ ০ মোররূপকানুরঅধিন ।
অবিরতমনেভাবি ০ রাতুলচরণেসেবি ০ রচিলেকভবানন্দদিন ।।❊।।

নাটকরাগ ।।
সৈজানিসৈ কেমনে রহিমুআমিঘরে ।
বন্ধুরচরণআখি ০ হৃদয়েতুলিয়ারাখি ০ হেনইমনেত সাদকরে ।। ধ্রু ।।
যেজনেদেখিছেতারে ০ সেকিপাসরিতেপারে ০ দেখিতারনয়ানসন্ধান ।
কেমনেচাহিমুআখি ০ ননদীরভয়রাখি ০ ঘরেযাইতেনালয়ে পরান ।।
যদি করিমনেসাদ ০ শুনিতেবংশীরনাদ ০ ততক্ষণেপ্রাণহরিনিব ।
হেনকি যুবতী আছে ০ নাগেলেতাহারকাছে ০ জাতিকুলদিলেসেএড়িব ।।
শুনিয়াবাঁশীরধ্বনি ০ সমাধিতে জলমুনি ০ সমির চলয়েমন্দগতি ।
কুলিসপাষানদ্রবে ০ যমুনাউজানধরে ০ কুলবধুসহজে যুবতী ।।
হেনরূপভেশদেখি ০ পাসরিকেমনেসখী ০ ধিকজীবনকোনকাজ ।
ভকতিমতিহিন ০ কহেভবানন্দদিন ০ প্রাণিগেলে কিকরিবলাজে ।।❊।।

রাগকহু ।।
চলসখীআনিদেয় নন্দেরতনয় । তবেসেরহিবপ্রাণ কহিলূঁনিশ্চয় ।। ধ্রু ।।
তুমিসেসুহৃদমোর আরকেহনাই । বিরহবেদনাদুঃখকৈলূঁচোরঠাই ।।
তবেকেনেকৃপাসখী নাকরঅখন । নাকরকপটসখী ধরমচরণ ।।
তোরমোরএকপ্রাণি তনুদুইখানি । মোরনিজপ্রাণসখী তুমিহেনজানি ।।
তবেবাবিলম্বসখী করকিনিবৃত্তে । তোমারকপটসখী নাপারিবুঝিতে ।।
তুমিবিনে হেন কার্য্যকেকরিবমোর । মদনবিয়োগতনুকরিলজর্জর ।।
চন্দনলেপিলেঅঙ্গ নাহয়শীতল । প্রাণগেলে শ্রমতোর হইববিফল ।।
তুমিবিনেকেআর সাধিবেমোরকাজে । চরণেধরিয়াকৈবানাবাসিবলাজ ।।
বিরহভাবিতেমোর তনুহৈলখিন । রাধারসম্বাদকহে ভবানন্দদিন ।।৺।।

পদবন্ধ ।।
শুনিয়ারাধারদুঃখ শ্রীমতীসুন্দরী । কহিবারে লাগিল রাধারহস্তেধরি ।।
শুনশুন প্রাণসখী বচনআমার । পরিহরখেদদুঃখ নাভাবিয়আর ।।
তুমাদুঃখদেখিমোর দগধেঅন্তর । আনিদিমুনন্দসুত খেদপরিহর ।।
আপনেকহিলা যথকানুরূপভেস । মনোরথপূর্ণসিদ্ধি হইবনিশেষ ।।
সেযে নন্দেরসুত কমললোচন । কন্দর্পজিনিয়া রূপ কামিনীমোহন ।।
নাহয়েসামান্যজন চিত্যভ্রমাইতে । বাক্যবসনহে মোরআনিমু কেমতে ।।
গোকুলের লোকভরে যমুনারজল । কারেবানন্দেরসু করিআছেবল ।।
যারযেইমতে সখীজল লৈয়াআসি ।একখানি কথাসেযে নাকহিছেহাসি ।।
শিশুহন্তেধেনুরাখে যমুনারকুলে । নাকৈছেকিঞ্চিতকথা পরিহাস্যছলে ।।
আমিসবে যদিতাকে করিপরিহাস । শুনিয়া নন্দেরসুত হয়েএকপাস ।।
হেনজনসঙ্গেপ্রেম বীড়িলদুষ্কর । শুনগুনবতীমোরমনেলা গেডর ।।
যদিতুমার্ভাগ্যফলে আইসয়ে কানাই । তোরসম ভাগ্যবতী আরকেহনাই ।।
এথবলিদুইসকী গলাগলিকরি । যমুনারতীরেজায়ে শ্রীমতীসুন্দরী ।।
আবিলম্বেমিলেগিয়া যমুনারকুলে । বালকসহিতেকানু আছে তরুতলে ।।
কহিবারে ছিদ্রনাহিচিন্তেমনেমন । সংক্ষেপেকহিতেলাগে যথবিবরণ ।।
অন্যজনে শুনেযদি কার্য্যব্যেক্তহয় । এথজানিসুবদনী সঙ্গোপনেকহে ।।
আসিছিল চন্দ্রমুখিযমুনারতির । জলধরেঢাকিছিল সকলশরির ।।
ভয়পাইয়া জলধর্কেসংভ্রমকরিয়া । আপনারনিজগৃহেপ্রবেসিলগিয়া ।।
সেইহন্তেসুবদনীহারাইলজ্ঞাণ । অন্নজলতেজিয়াকরিয়াআছেধ্যান ।।
আমারে পাঠাইআছে করিয়ায়ত্তন । বিলম্বদেখিয়াহৈছে আকুলিতমন ।।
সংক্ষ্যেপেকহিল আমি সকলবৃত্তান্ত । ইঙ্গিতেবুঝিবাযদি হএরাধাকান্ত ।।
সত্যবতী --- ইত্যাদি ।।৺।।

দির্ঘছান্দবড়ারি ।।

বিরিঞ্চিনন্দনছত্র ০ তপোধনতারপুত্র ০ এসবদেখিএযেনমতে ।
পবনঐরিরমাতা ০ বাহনবিজুলিলতা ০ জলধর ভয়ঙ্কর তাতে ।। ধ্রু ।।
কার্য্যনাইবরিসনে ০ সাজকর অকারনে ০ ঘন ২ গর্জননিস্ফল ।
করিয়াছেপরিহার ০ ব্যাজনাকরহআর ০ এথেকেসেযুবতী বিকল ।।
ধরাধর অধিকারি ০ প্রণতিভকতিকরি ০ শীঘ্রেমেঘেবরিসনহৌক ।
সুরঙ্গের রসখেদ ০ সর্ব্বহৌক পরিচ্ছেদ ০ যুবতীনারীর প্রাণরৌক ।।
যদিবরিসএধারা ০ যথেকগোপেরদারা ০ সবাসিযমুনারকুলে ।
আসিয়া রাধারসঙ্গে ০ ভবানীপূজিমুরঙ্গে ০ দেখিয়াত্বরিত যেনভোলে ।।
ত্বরিতেযেসাজ দেখি ০ যুবতীরমনসুখি ০ দৈবযোগেপাত্রপরিত্রাণ ।
যমুনাযেসাক্ষিহৈয় ০ নিভৃতেমেঘেতে কৈয় ০ বরিসনেপায়প্রাণদান ।।
মরুতগমনহৈলে ০ তবেজলধরচলে ০ মেঘরবেময়ুরপেখন ।
রক্তভেশধরা ধর ০ রুপেভেসেমনোহর ০ বিজুলিতদেখিআভরন ।।
সাজেতাতেচমৎ কার ০ শারিরেনাসহেআর ০ বিপরিতেমেঘের গর্জন ।
জানিয়াসখীরকাজ ০ তেজিকুলভয়লাজ ০ সঙ্গোপেকহিলবিবরণ ।।
শুনিয়া শ্রীমতীরকথা ০ কানুরহৃদয়েবেথা ০ উত্তরনাদিলশিশুদেখি ।
অন্তরনাজিমর্ন্ম ০ জানিয়াদুস্করকর্ন্ম ০ রাধারমন্দিরেচলেসখি ।।
সত্যবতীসুতমুনি ০ অবনীকরিলধনি ০ পূর্ণব্রহ্মসনাজনঅংশ ।
কাব্যরসইতিহাস ০ শুনিপেপাতকনাশ ০ পুণ্যশ্লোকএইহরিবংশ ।।
সেইপুণ্যকাহিনী ০ মুক্তিরকরনজানি ০ বাখানকরিয়া পদবন্ধে ।
শুনিলেউপজেজ্ঞান ০ সমনেতপরিত্রাণ ০ রচিলেকদিনভবানন্দে ।।※।।

পদবন্ধ ।।

জন্মেজয় নরপিতি এসকলশুনি । পরিহার করিবোলে শুনমহামুনি ।।
তোমার বচনচারি বেদসমুস্বর । বিস্তারিয়াকহে প্রভু করুণাসাগর ।।
উত্তরনাদিলযদি দেবভগবান । শ্রীমতী কহিলকিবা রাধিকারস্থান ।।
শুনিয়া সুন্দরীরাধা কিদিল উত্তর । সেসকলবিবরণ কহমুনিবর ।।
কেমতে কানুরসনে হৈলদরশণ । শুনিবারে শ্রদ্ধাবড় কহতপোধন ।।
রাজারবচনেমুনি কহিতেলাগিল । বসন্তকালেতেযেন মধুরকোকিল ।।
শুনজন্মেজয়রাজা পরিক্ষিতসুত । ত্রিলোত্তমাগুণকাব্য নির্ন্মলঅদ্ভূত ।।
কানুরউত্তরকিচ্ছু মর্ন্মনাজানিয়া । রাধিকার স্থানে গেলদুঃখিতহইয়া ।।
এথায়ে রাধিকাআছে মর্জিয়াবিরহে । কানুরবিরহেচিত্ত্য অনুক্ষণদহে ।।
পন্থনিরক্ষণেআছে রাধিকাযুবতি । হেনকালে আসিমিলে সুন্দরিশ্রীমতী ।।
শ্রীমতীকেদেখি রাধা হরিসঅপার । ধারিয়াশ্রীমতীর্গলেলাগেপুছিবার ।।
কহ কহ প্রাণসখী শুনিবিবরন । আসিবার প্রাণনাথ ব্যাজকথক্ষণ ।।

তোমারমুখেরবাক্য অমৃতসমান । কহিয়াকুশলবার্ত্তা রাখহপরান ।।
রাধার বচনশুনি শ্রীমতীসুন্দরী । কহিতেলাহিল তবেগদগদকরি ।।
তখেনেকহিলআমিদুর্জনকানাই । তাহারসহিতেপ্রেম কিছুকার্য্যনাই ।।
নাশুনিয়ামোরবাক্য পাঠাইলাতথা । যথঅপমানপাইলূঁ কিকরিমুকথা ।।
উত্তরনাদিলকিছু নাফিরাইলমুক । শ্রমব্যর্থহৈল মোরমনেবড়দুঃখ ।।
লজ্যাপাইআইলুঁ ঘরেকৈলুঁ তোমাঠাঁই । তুমিসেবাড়াই বাপ্রেম মোরদয়ানাই ।।
শুনিয়াসখীরমুখেএইবিবরণ । ধরণীতে পরিরাধা হৈলঅচেতন ।।
বিস্তরপ্রকারে যত্ন করিয়া শ্রীমতী । অচেতন্যহৈলদেখি চিন্তাযুক্তঅতি ।।
একসখী পাঠাইয়া আনাইলসবেরে । শীঘ্রগতি  সর্ব্বলোক আইসেদেখিবারে ।।
সুন্দরিরাধারস্বামী শাশুরিননদী । মহাকোলাহলকরে দেখিয়াপ্রমাদি ।।
রাধামুহুচ্চিতশুনিবিসাদিতহই । হেনকালে আসিল রাধারমাতামহী ।।
অনেককালের বুড়া অতিবয়োধিক । দেখিলরাধারেবুড়ি সম্বিতনাহিক ।।
বিস্তর প্রকারেবুড়ি করিলয়ত্তন । তথাপি সুন্দরিরাধা নাহয়েচেতন ।।
মহাগণ্ডগুলহৈল পুরিরভিতর । মুহুচ্চিতহৈছেরাধা ভুমিরউপর ।।
শ্রবণেতগিয়াকৈল শ্রীমতীসুন্দরী । আসিছেগোবিন্দহের দেখচক্ষুভরি ।।
শুনিয়াসখীরবাক্য মধুরকোমাল । চক্ষুমেলিনাদেখিল কান্দিয়াবিকল ।।
জানিয়াসকল লোকোহরসিতমন । যারযেইনিজগৃহে করিলগমন ।।
রাধাআদিতিনজনরৈল সেইখানে । বড়াইজিজ্ঞাসেতবে নাতিনীরস্থানে ।।
শুনগুণবতীরাধা ধর্য্যমনকর । কেনেমুহুচ্ছিতকহ আমারগোচর ।।
মনেরমানসমুইপুরাইমুনিশ্চয় । মর্ম্মভাঙ্গিকহরাধা নাবিসিয়ভয় ।।
বড়াইর বাক্যশুনিরাধিকাসুন্দরি । কহিতেলাগিলতবে লজ্যাপরিহরি ।।
শুন ২ মোরদুঃখ প্রাণেরবড়াই । বান্ধবকারণেআমি কহিতোমাঠাঁই ।।
সত্যবতীসুতব্যাস --- ইত্যাদি ।।※।।

পঠমঞ্জুরী রাগ ।।
প্রাণবড়াই শুনমোরদুঃখেরবিরহে ।
গেছিলুঁ যমুনার্জলে ০ দেখিলুঁকদম্বতলে ০ সেইহুনেপ্রাণমোরদহে ।। ধ্রু ।।
নবজলধরজিনি ০ অঙ্গের বরণখানি ০ বিজুলিরছটাআভরন ।
মুখানিপূর্ণিমাইন্দু ০ ললাটে চন্দনবিন্দু ০ তছুপরিআবিরসোভন ।।
যুবতীমোহন চূড়া ০ মালতীকুসুমবেড়া ০ সিখিপুচ্ছচূড়াসোভামান ।।
মধুর ২ বলি ০ মররন্দপিয়িঅলি ০ ফিরি ২ ধরলজুগান ।।
নিলকমলআখি ০ ভুরুরভঙ্গিমাদেখি ০ কটাক্ষহইসিদমৃদুহাসি ।
সুলক্ষণমুখচান্দে ০ পাতিয়াযুবতীফান্দে ০ সুরঙ্গঅধরেবাহেবাঁশী ।।
শুনিয়াবাঁশীরসান ০ নদীবলেউজান ০ সঞ্চরেদারুণ দ্রবেসিলা ।
পবনথকিতহয় ০ রবিরথনাচলয় ০ আমিনারীসহজেঅবলা ।।
সকলকুসুমসাজে ০ অবিনবজুবরাজে ০ অমরনায়কজিনি ভেস ।
শৌরববিহিতভালে ০ গলায়েবকুলমালো ০ আসিয়াধরিল মোরকেশ ।।

বিস্তর কাকুতিকরি ০ আসিলূঁআপনাপুরী ০ সেইহুন্তেপ্রাণদহেমোর ।
দেখিছিঅবধিহনে ০ পাসরিতেনারীমনে ০ হৃদয়েহানিলপঞ্চস্বর ।।
চিন্তবড়াইমোরকাজ ০ আনিদেয়ব্রেজরাজ ০ মোরকার্য্যেতোর নহেভিন ।
তোমারচরণেপরোঁ ০ নহেবাশরীরছারোঁ ০ রচিলেকভবানন্দদিন ।।৷।।

পদবন্ধ ।।
নাতিনিরদুঃখ দেখিবড়াইপ্রমাদি । নাকরবিস্ময়কার্য্যামিদিবশাধি ।।
সেযেনন্দের সুত বালকচরিত্র । নহেতোরপ্রেমযোগ্য একেগৌরবিত ।।
হেনজনসনে প্রেমবাড়াইলিদুস্কর । মনেযেইলয়েনাতিন্ সেইকর্ম্মকর ।।
এককথা কহিভাল শুনলনাতিন । গৌরবিতকর্ম্মব্যক্ত নহেকোনদিন ।।
সকলসংসারে জানেহয়েগৌরবিত । লোকাইয়াকর্ম্ম যেনকর যথোঞ্চিত ।।
রাধায় বুলেযদিকৃপাকরিলাবড়াই । অবিলম্বে আনিদেয় নন্দেরকানাই ।।
বিলম্বেনাকরবড়াইধবোঁপদতলে । তিলমাত্রব্যাজহৈল ঝাম্পদিমুজলে ।।
রাধারবচনশুনিচলিলবড়াই । যমুনাপুলিনেগেল যেখানেকানাই ।।
বালকসকলগেল গোঠেরভিতর । কদম্বেরতলে কানুআছে একেশ্বর ।।
দেখিয়া কানুররূপকন্দর্পসমান । কামেজজ্বরিতবুড়িবিরহিতজ্ঞান ।।
ক্ষেনেকেসম্বিতপাইয়াগদ২ হাসে । বুঝিয়াআকুতহরিমনে২হাসে ।।
সত্যবতীসুতব্যাস --- ইত্যাদি ।।৷।।

রাগসুহি ।।
অয়েরে নন্দেরসুত কিকরঘাটেরকুলেবসি ।
বনেথাকধেনুরাখ ০ অগরুচন্দনমাখ ০ গোকুলমর্জাইবাহেনবাঁশী ।। ধ্রু ।।
বাঁশীটি করিয়াহাতে ০ বসিথাকরাজপন্থে ০ কিবাভেশকদম্বেরতলে ।
গোকুলেরব্রেজনারী ০ আইসেনিতেজলভরি ০ তোমারূপেদেখিতারাভুলে ।।
চূড়াটিটালিছভালে ০ বেড়িয়াবকুলমালে ০ সিখিপুচ্ছতছুপরিসোভে ।
কিজানিকরিছরস ০ হেরিতেযুবতীবস ০ অলিযেনভ্রমেমধুলোভে ।।
পাটেরাজাকংসাসুর ০ মথুরাঅনেকদুর ০ মুরূরীবাজাও হাসি ২ ।
তুমিতেনন্দেরসুত ০ রূপেগুণেঅদভুত ০ নাগরালিযমুনাতেবসি ।।
মুইবয়ো ধিকনারী ০ তোমারূপহেরি ২ ০ ঝুরিতে ২ হৈলুঁধন্দ ।
নাগরালিপরিহর ০ আমারবচনধরি ০ রচিলেকদিন ভবানন্দ ।।৷।।

পদবন্ধ ।।
বড়াইবুলেশুনকানু আমারবচন । মোরনাতিনির প্রাণলৈলাকিকরণ ।।
কানুবুলেশুন বড়াইআমারউত্তর । আমিতানাজানিকিবানাতি হয়েতোর ।।
মিচ্ছাকথাকহতুমিকিসের কারণ । স্ত্রীবুদ্ধি হেনমোরবুলদুর্ব্বচন ।।
পুনরপিবুড়িবলেশুনহকানাই । মোরনাতিনিরদুঃখ কহিতোমাঠাই ।।

রাধিকা যুবতীসেজে আমারনাতিন । জলভরিবারেআইলযমুনাপুলিন ।।
আপনারা ঘরেযাইভরিলৈয়াজল । রাজপন্থেথাকিতুমিতাকেকেরবল ।।
সেইহুন্তেস্তব্ধনাতিন তোমার বিরহ । খেনে ২ ধরনীতেপরিমুচ্ছযায়ে ।।
তার দুঃখ দেখি আইলূঁ তোমার বিদিত ।
জানিয়া করিরবিবরণ । অন্তরে হরিস বড় নন্দের নন্দন ।।
যেইহুন্তেদেখা মোররাধারসহিত । নাদেখিলে প্রাণপুরেকহিলূঁনিশ্চিত ।।
যদিকৃপাযুক্তবড়াইহইলাআমার । কথাতেপাইব আমিসেইরাধিকারে ।।
এইকথাকহগিয়ারাধিকারস্থান । নিশিযোগজাবআমি তানবিদ্যমান ।।
যথেকমধুর ভাসেকহিলকানাই । শুনিয়াহরিসেঘরে চলিলবড়াই ।।
কহিলসকলগিয়া রাধিকার ঠাই । নিশিযোগে আসিবেক নন্দের কানাই ।।
ধন্য ২ রাধাতুমিবড় ভাগ্যবতি । বিধার্তায়ে মিলাইলভালো যোগ্যপতি ।।
ভালমতে সেবানাতিন্ করিবা তাহান । তবেসেরাধিকাতুমি লয়েমোরমনে ।।
তুমিযথকহিলাকানুররূপবেশ । মেরমনহরিনিলকিকৈমুবিশেষ ।।
শতকৌটিকন্দর্পজিনিয়ারূপবেশে । পাইলাউত্তমপতি প্রথমবয়সে ।।
আমারবচননাতিন্ শুনসাবধানে । রসময়পতিপাইলা এরূপযৌবনে ।।
রাধায়বুলেশুনবড়াই কহিতোমাঠাই । এমনদারুনপতি মোরদায়নাই ।।
ভালহৌকমন্দহৌকব্রেজযেআয়েন । মোরনিজপতিসেযেমোর প্রাণধন ।।
এমনদানরুন পতিদায়নাহিমোর । চলবড়াইচলিযাও আপনারঘর ।।
মোরপ্রাণসখীগেল তান বিদ্যমান । নাদিলউত্তরকিছুমনেরগোমান ।।
জন্মবধিপুরুষ সঙ্গমন নাহিজানি । কিহেতুকরিমুপাপমুই অভাগিনী ।।
রাধার বচনশুনি বুলিলবড়াই । কেনেরে নিলজরাধা মুখেলজ্যানাই ।।
অখনেমুহিতহৈয়া ধরিলিচরণে । গর্ভকথা কহতুমি কিশেরকারণে ।।
তোরমাতামহী আমিশুনরেঅবলা । আমারে ভাণ্ডিতে চাহপাতিয়া স্ত্রিকলা ।।
রভসচাতুরিতুমি কিছুনাহিজান । আপনে কহিছকথাআপনে নামানে ।।
চাতুরিকরহতুমি আপনারগর্ভে । ভাগিনার সঙ্গেরতি ভূঞ্জিআছপূর্ব্বে ।।
যখনে যমুনাগেলা জলঠআনিবার । তখনেকানুর সঙ্গে ভূঞ্জিছশৃঙ্গার ।।
অখনে ভাণ্ডিতেমুরে এইতোরজ্ঞান । তোরমনেলএহেন তুইবড়স্যান ।।
বড়হিকপট তুমিজানিলূঁঅখন । আখির্সানে পুরুষ্ লৈয়াকরসিরমন ।।
পরপুরুষ লৈয়াভূঞ্জিছিশৃঙ্গার । রমনীসমাজে তুমিরাখিলা খাখার ।।
আমাকে ভাণ্ডিবাতুমি কেমনে উপায় । হাসিতে ২ কহেঘনদৃষ্টেচাই ।।
রাধাই বলেঅতি বৃদ্ধতোমার্নিজপতি । দুরনাহইছেতোমার যোবন আকৃতি ।।
বুড়াবেস্যা আপনেসভাকেনষ্টজান । ভাইভাগিনাতুমিকিছুনাহিমান ।।
পুনরপিবুড়িবলেশুনলনাতিন । সহজেছঞ্চলতোর জ্ঞানহৈছেহিন ।।
কানুহেন বরপাইলাকিচাহসিআর । হেনজনপরিহর কিবুদ্ধিতোমার ।।
আমার বচনধর শুনগুণবতি । হেলানাকিরয়তুমি কানুহেনপতি ।।
সত্যবতিসূতব্যাস --- ইত্যাদি - ।।※।।

শ্রীরাগ ।।
তুমিতভার্জননাতিন্ বঞ্চিলাআমারে ।
কপটকরিয়ানাতিন্ ভার্জননাতিন্ ভাণ্ডবারে বারে ।।ধ্রু।।
নাতিন্হে ---
নন্দেরতনয়বর রসেরসাগর । যেকার্য্যেকহিয়েআমি অবধানকর ।।
শরিরেঅধিক তোমার যোবন প্রকাশ । ভালকথা কহিতে করহউপহাস ।।
তোমার হিতেরলাগি কহিপুনি পুনি । পরিনামে ভাবিয়ামরিবে অভাগিণি ।।
ভালকিবামন্দকহি তোরসখীশুনে । তাহাথোতুমারপতি কথরুপেগুণে ।।
সলিলের বিম্বুযেন নারীরযোবন । যাইতেবিলম্বনাই নাকরযত্তন ।।
কিছারযোবনলৈয়া করছিগৌরব । কুসুমবিকাশেযেন নাথাকেশৌরব ।।
হাসপরিহাসকরিরতিভূঞ্জরঙ্গে । মরিলেযোবনকেবা লৈয়াযাইসঙ্গে ।।
জলেতেমিসাইব জলশুনহনাতিন । এইকথাসারবোলে ভবানন্দদিন ।।꙰।।

পদবন্ধ ।।
হাসিয়া ২ বুড়িবুলেবারেবার । হেলানাকরিয়নাতিন্ এইমাত্রসার ।।
যোবনেরগর্ব্বভজান সলিলেররেখা । মৈলেকারসঙ্গেপুনি কারনাহিদেখা ।।
কহিয়াপাঠাইছেমুরেরসের নাগরে । অয়েরেমুগধিরাধা তোমাবুঝাই বারে ।।
সঞ্চিতকরিতেকিছু ভোগনহেধন । কিলাগিসঞ্চয়কর প্রথমযোবন ।।
মুক্ষিকাপতঙ্গেসঞ্চয়করেমকরন্দ । ভালমতে নহিজানেকিবা স্বাদগন্ধ ।।
চতুরেহরিয়াআনে পাইয়াসেমধু । তেনমতে তোমারযোবনব্রেজবধু ।।
অখনেনাবুঝাপাছেপাইবারঙ্গরস । ফুটিবকমলদলদিন অষ্টদশ ।।
সহজেঅবুধরাধা জ্ঞাননাহিতোর । মনেযেইলয়নাতিন্সেই কর্ম্মকর ।।
জগত জননীদুর্গা ত্রৈলোক্যমোহিনী । পুত্রদেখিকামভাবে মোহিতভবানী ।।
পুত্রহুন্তেভাগিনানাহয়ে গৌরবিত আমারবচনধর কহিতোরহিত ।।
নাজানআপনাকিছুহানিঅপচয় । আগেপদার্পনকরিপাছেমুঢ়হয় ।।
তবেতশ্রীমতিবুলে শুনপ্রানসৈ । বান্ধবকারনেআমি তোমাঠাঁইকি ।।
কানুহেন বরতুমিনাপাইবাআর । হেনজনপাইছারকি বুদ্ধিতোমার ।।
কেনেদুঃখকরতুমিপ্রাণেরবড়াই । আজ্ঞাকরআসিবরেনাগরকানাই ।।
সখীসম্বোদিয়া বুলেরাধিকাসুন্দরী । আনগিয়াগোবিন্দের অবিলম্বকরি ।।
করলৈয়া মথুরাতে গিয়াছে আয়েন । বিলম্বউচ্চিতনহে করোঁনিবেদন ।।
শুনিয়াহরিসেবড়াই চলিলতথাই । যমুনাপুলিনে গেলযথাতেকানাই ।।
কহিলসকলকথা হৈয়াসাবধান । নিশিতেযাইবাতথা রাধিকারস্থান ।।
শুনিয়া হরিসবড়নন্দেনন্দন । হেনকালে আসিমিলে সবশিশুগণ ।।
তবেতথাহুন্তেযদি আইলবড়াই । রাধিকারস্থানেকহে আসিবকানাই ।।
হরিসহইয়া রাধাকৈলনমস্কার । বড়াইরেমেলানিদিলঘরেজাইবার ।।

শ্রীমতীসুন্দরীতবে করিলগমন । সুন্দরীরাধারেদিয়া প্রেমআলিঙ্গন ।।
দিনঅবসানে হৈলপ্রবেশজামিনী । পন্থনিরক্ষণেআছেরাধিকাকামিনী ।।
তথাতেবালকসঙ্গে নন্দেরকুমার । ধেনুবচ্ছলৈয়াআইসেঘরেআপনার ।।
ঘরেগিয়াধেনুবৎসকরিলবন্ধন । শিশুসব প্রবেশিলয়ারযেভূবন ।।
ক্ষুধায়েআকুলহৈয়া দেবভগবান । মায়াকরিযসোদারস্তনকরেপান ।।
খিরদধিলবনীখাইনারায়ণ । নিদ্রায়েআকুল হৈয়াকরিলশয়ন ।।
বিলম্বদেখিয়াচিন্তেরাধিকাযুবতী । অখনেহনাআসিলমুরনিজপতি ।।
ছারিমু শরীর আমিরাখিনাহিকাজ । নাআসিল প্রাণনাথ পাইলূঁবড়লাজ ।।
সত্যবতীসুতব্যাস ---- ইত্যাদি -- ।।❋।।

আসুআরিরাগ ।।
আওতরেবন্ধুবিনোদকালিয়া । নাগরিমোহনচূড়াকুসুমেবেড়িয়া ।। ধ্রু ।।
প্রবেশ হইল নিশি নাআসিল বন্ধু । ডুবিয়া রহিলূঁ মুই মদনের সিন্ধু ।।
শীতপক্ষে চতুর্থিতে অস্তে দ্বিজরাজ । নাআসিল প্রাণনাথ পাইলূঁ বড় লাজ ।।
বিরহ ভাবিতে রাধা মনে হৈল ধন্দ । আসিব ২ কানু বুলে ভবানন্দ ।।❋।।

আহিররাগ ।।
মুইতুরে রাখিতুম্ হিয়ার্মাঝেল অকিআইসরে রাধার বন্ধু ।
তনু ছারি মন গেলে কি করিব লাজে ।।ধ্রু।।
নয়ানে সদায়ে দেখি এইমেসাদ । কেশেতে বান্ধিয়া রাখি কালা পাটের্জাদ ।।
কাজল করিয়া বন্ধু নয়ানে পৈরিমু । কালা পুতি করি বন্ধু গলে গাথ্যাদিমু ।।
হৃদয়েতুলিয়া রাখোঁপ্রাণবন্ধুকালা । নাবোলৌক্ ২ লোকেরাধিকারেভালা ।।
চন্দনকরিয়া বন্ধুঅঙ্গেতেলেপিমু । বিরলেবসিয়াশ্যামের্রূপনিরক্ষিমু ।।
যেবুলেবোলোকলোকে নাবাসিয়দুঃখ । নিশিদিশিমনেমোরদেখিচান্দমুখ ।।
নিজদাসীহৈলূঁবন্ধুনাভাসিয়া ভিন । রাধারসম্বাদকহে ভবানন্দদিন ।।❋।।

পদবন্ধ ।।
সুন্যঘরেবসিরাধাকরযেক্রন্দন । তথাতেচৈতন্যপাইল শ্রীমধুসুদন ।।
বড়াইর কথাস্মরিচলিলেকহরি । অবিলম্বেমিলেগিয়া রাধিকারপুরি ।।
শয়ন করিছেরাদাসুবদনী । সেইঘরে গেলকৃষ্ণপ্রবির্নজামিনী ।।
হরিপরসনেহৈল উর্ঝলিতঘরে । উদিত হইলযেনকোটি শশোধর ।।
কুসুমশৌরব যেনআমুদিতগন্ধ । ভ্রমরেঝংকারকরেপিয়েমকরন্ধ ।।
মন্দ ২ গতিবহেমলয়াপবন । চাতকেসুনাদকরেময়ুরেপেখন ।।
মলয়াবসন্তবাওবহেচারিভিত । কোকিলেপঞ্চমগাহে অতিসুলিত ।।
দেখিয়াসুন্দরী রাধানাদিলউত্তর । বসিলনাগরকানুসর্য্যারউপর ।।
রাধিকার অঙ্গেহস্তদিল নারায়ণ । চমকিতহৈয়াবোলেতুমিকোনজন ।।
ভিন্নঘরেআসিতেতুমিলর্য্যানহিবাস । গায়েহস্তদিয়ামোরজাতি কুলনাস ।।

বড়দুঃখেমোরঘরে আসিছআপনে । সর্য্যাতেবসিছতুমিকিশেরকরণে ।।
নিজপতিঘরেনাহিবড় ভাগ্যতোর । কিঃনামতুমারতুমিকাহারকোঁঅর ।।
গায়েহস্তদিতে তুমিনহিবাসলাজ । শুনিকিবলিবমুরেরমনী সমাজ ।।
কিকারণে আসিয়াছ কহবিবরন । এথরাত্রিভিন্নঘরেকিশেরকারণ ।।※।।

শ্রী শ্রী রাধাকৃষ্ণাভ্যাং নমঃ।।